

# Times Today BD

আলী হায়দার | ঢাকা | 02 May, 2025

কিশোরগঞ্জের কুলিয়ারচরে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ধর্মীয় অবমাননাকর ভিডিও প্রকাশের অভিযোগে মো. মোস্তফা (৩৯) নামের এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ। অভিযুক্ত মোস্তফা উপজেলার গোবরিয়া আব্দুল্লাহপুর ইউনিয়নের লক্ষ্মীপুর দেড়িয়াকান্দা গ্রামের মো. নায়েব আলীর ছেলে। শুক্রবার (২ মে) দুপুরে তাকে নিজ বাড়ি থেকে গ্রেফতার করে কুলিয়ারচর থানা পুলিশ এবং পরে তাকে পুলিশি পাহারায় কিশোরগঞ্জের বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গত ২৮ এপ্রিল রাতে মোস্তফা তার নিজ নামের ফেসবুক আইডি থেকে একটি ভিডিও বার্তা প্রকাশ করেন। সেখানে আল্লাহ ও বিশ্বনবী হযরত মোহাম্মদ (সা.)-কে নিয়ে অশ্লীল ভাষায় গালাগালি করতে শোনা যায়। ভিডিওটি ১ মে বৃহস্পতিবার সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হলে স্থানীয় আলেমসমাজ কুলিয়ারচর থানায় অভিযোগ করেন। পুলিশ তাৎক্ষণিক পদক্ষেপ নিয়ে মোস্তফাকে গ্রেফতার করে।

এ ঘটনায় উপজেলার বড়চারা গ্রামের মৃত আমির হোসেনের ছেলে মো. জসিম উদ্দিন বাদী হয়ে ধর্মীয় অনুভূতিতে আঘাত ও ধর্মীয় অবমাননার অভিযোগে কুলিয়ারচর থানায় একটি মামলা দায়ের করেন। মামলা নং: ০২/২০২৪। মামলাটি ১৮৬০ সালের দণ্ডবিধির ২৯৫/এ ধারায় রেকর্ড করা হয়েছে।

বাদী জসিম উদ্দিন সাংবাদিকদের জানান, সে যে ভাষায় আল্লাহ ও রাসুল (সা.)-কে গালাগালি করেছে, তা ক্ষমার অযোগ্য। তার দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি।

তবে স্থানীয় এলাকাবাসীর মধ্যে কেউ কেউ দাবি করেছেন, মোস্তফা মানসিকভাবে কিছুটা বিকারগ্রস্ত। অভিযুক্ত মোস্তফা পুলিশ হেফাজতে থাকা অবস্থায় সাংবাদিকদের জানান, আমি ১৪ বছর আগে সৌদি আরবে টয়লেট ক্লিনারের কাজ করতাম। মালিক পক্ষ প্রায় ৪ লাখ টাকা না দিয়ে আমাকে পাঠিয়ে দেয়। সেই টাকা না পাওয়ার রাগে ও কষ্টে আল্লাহকে গালাগালি করেছি। তবে নবীকে নিয়ে কিছু বলিনি।

কুলিয়ারচর থানার অফিসার ইনচার্জ (ওসি) হেলাল উদ্দিন (পিপিএম) জানান, অভিযোগের ভিত্তিতে দ্রুত অভিযান চালিয়ে আসামিকে গ্রেফতার করা হয়। মামলার প্রক্রিয়া শেষে তাকে আদালতে পাঠানো হয়েছে। বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর, আমরা আইন অনুযায়ী ব্যবস্থা নিচ্ছি।

ফেসবুক পুলিশ যুবক

Generated on 28 June, 2025 19:48

URL: <https://www.timestodaybd.com/dhaka/1779775807>